

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৮৫-১ শপথ (বিশালাকায়া) গল্পুজবিশিষ্ট আকাশের,
- ০৮৫-২ (শপথ) সে দিনের যার আগমনের ওয়াদা করা হয়েছে,
- ০৮৫-৩ শপথ (প্রত্যক্ষদর্শী) সাক্ষীর, (শপথ সেই ভয়াবহ দৃশ্যের) এবং যা কিছু (তখন) পরিদৃষ্ট হয়েছে তার;
- ০৮৫-৪ (মোমেনদের জন্যে খোঁড়া) গঠের মালিকদের ও পর অভিসম্পাত,
- ০৮৫-৫ আগুনের কুন্দলী- যা জ্বালানি দ্বারা পরিপূর্ণ ছিলো,
- ০৮৫-৬ (অভিসম্পাত,) যখন তারা তার পাশে বসা ছিলো,
- ০৮৫-৭ এ লোকেরা মোমেনদের সাথে যা করছিলো এরা তা প্রত্যক্ষ করছিলো;
- ০৮৫-৮ তারা এ (ইমানদার)-দের কাছ থেকে এ ছাড়া অন্য কোনো কারণে প্রতিশোধ গ্রহণ করেনি যে, তারা এক পরাক্রমশালী ও প্রশংসিত আল্লাহর ও পর ইমান এনেছিলো,
- ০৮৫-৯ (ইমান এনেছিলো এমন এক সত্তার ও পর,) যার জন্যে (নিবেদিত) আসমানসমূহ ও যমীনের যাবতীয় সার্বভৌমত্ব; আর আল্লাহ তাআলা (তাদের) সব কয়টি কাজের ও পরই সাক্ষী;
- ০৮৫-১০ যারা মোমেন নর-নারীদের ও পর অত্যাচার করেছে অতঃপর তারা কখনো তাওবা করেনি, তাদের জন্যে রয়েছে জাহান্নামের (কঠোর) আযাব এবং তাদের জন্যে আরো রয়েছে (আগুনে) জ্বলে-পুড়ে যাওয়ার শাস্তি;

০৮৫-১১ (অপরদিকে) নিশ্চয়ই যারা আল্লাহ তাআলার ওপর ঈমান এনেছে এবং (ঈমানের দাবী অনুযায়ী) ভালো কাজ করেছে, তাদের জন্যে রয়েছে এমন জান্নাত যার নীচ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত রয়েছে; সেটাই (সেদিনের) সবচেয়ে বড় সাফল্য;

০৮৫-১২ নিঃসন্দেহে তোমার মান্নিকের পাকড়াও হবে ভীষণ শক্ত;

০৮৫-১৩ নিশ্চয়ই তিনি (যেমন করে) প্রথমবার সৃষ্টি করেছেন, (তেমনি করে) তিনি আবারও সৃষ্টি করবেন,

০৮৫-১৪ তিনি পরম ক্ষমাশীল, (তার সৃষ্টিকে) তিনি অত্যন্ত ভালোবাসেন,

০৮৫-১৫ তিনি সম্মানিত আরশের (একচ্ত্র) অধিপতি,

০৮৫-১৬ তিনি যা চান তাই করেন;

০৮৫-১৭ তোমার কাছে কি কতিপয় (বিদ্রোহী) সেনাদলের কথা পৌঁছেছে?

০৮৫-১৮ ফেরাউন ও সামুদ (বাহিনীর কথা)!

০৮৫-১৯ এরা কোনোদিনই (সত্য) বিশ্বাস করেনি, বরং (তারা) মিথ্যা সাব্যস্তকরণে লেগেই ছিলো,

০৮৫-২০ (অথচ) আল্লাহ তাআলা এদের সবদিক থেকে ঘিরে রেখেছেন;

০৮৫-২১ কোরআন (উন্নত ও) মহম্মাদাসম্পন্ন (একটি গ্রন্থ);

০৮৫-২২ এক (মহা) ফলকে (এটা) সংরক্ষিত আছে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by : *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr